# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।

**Website:** www.bmeb.gov.bd , **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ লালমনিরহাট-৩৯/ ৫৮/৬ তারিখঃ ১১ /০১/২০১৭খ্রিঃ

**বিষয়ঃ** তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, লালমনিরহাট জেলার কালীগঞ্জ উপজেলাধীন ভুল্লারহাট আশরাফিয়া দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটির সভাপতি এর অসদাচরণ ও বিধি লজ্ঘনের কারণে কমিটির সদস্যগণ অনাস্থাপত্র দাখিল করেছেন। এছাড়া মাদরাসার সুপার বিভিন্ন অনিয়মের বিষয় উল্লেখ করে মাদরাসাটি পরিদর্শন পূর্বক সমস্যা সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পৃথকভাবে আবেদন করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগ ও মাদরাসার সার্বিক বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক..............(.....২.........) পাতা।

11.1.17

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার
কালীগঞ্জ, লালমনিরহাট।

নং- বামাশিবো/প্রশা/ লালমনিরহাট-৩৯/ তারিখঃ /০১/২০১৭খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ**

১. জেলা প্রশাসক, লালমনিরহাট।
২. জেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট।
৩. সুপার/ভারপ্রাপ্ত সুপার, ভুল্লারহাট আশরাফিয়া দাখিল মাদরাসা, কালীগঞ্জ, লালমনিরহাট।
৪. সভাপতি/সদস্যবৃন্দ- ম্যানেজিং কমিটি, ভুল্লারহাট আশরাফিয়া দাখিল মাদরাসা, কালীগঞ্জ, লালমনিরহাট।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

G:\Admin\Shujan\2017\01. Januray\09.01.2017\Lal-39

বরাবর,

চেয়ারম্যান
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড,
ঢাকা।

**বিষয়ঃ ম্যানেজিং কমিটির স্থলাভিষিক্ত সভাপতির আচরণ বিধি লংঘনের কারণে অনাস্থা পোষন।**

জনাব,

যথা বিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমরা ভূল্লারহাট আশরাফিয়া দাখিল মাদরাসার সদস্য বৃন্দ অভিভাবক বৃন্দ এবং শিক্ষক বৃন্দ এই মর্মে স্থলাভিষিক্ত সভাপতি জনাব আলহাজ্ব মোজাহার হোসেনের আচরণ বিধি শিক্ষা প্রতিষ্ঠানের বিধি বর্হিভূত কর্মকান্ড এবং তার অশোভনিয় আচরণ প্রতিনিয়ত প্রদর্শন করায় আমরা নিম্ন স্বাক্ষরকারীগণ তার সভাপতি পদ বিলুপ্ত করণের জন্য তার প্রতি অনাস্থা আনায়ন করিতেছি। সেই সংঙ্গে উক্ত সভাপতির পদ বিলুপ্ত করণ সহ এডহক কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।

অতএব, বিধায় প্রার্থনা এই যে, আনিত অনাস্থা সদয় বিবেচনা পূর্বক মঞ্জুর করিতে হুজুরের মর্জি হয়।

নিবেদক-

পদত্যাগকারী সদস্যগণের নাম ও পদবী স্বাক্ষর

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব, মোঃ আনোয়ার হোসেন | দাতা সদস্য | [signature] ২৬/১০/১৮ |
| ০২ | জনাব, মোঃ হাফিজুর রহমান | অভিভাবক সদস্য | মোঃ হাফিজুর রহমান |
| ০৩ | জনাব, মোঃ শরিফুল ইসলাম | অভিভাবক সদস্য | [signature] ২৬/১০/১৮ |
| ০৪ | জনাব, মোঃ আব্দুল লতিফ | অভিভাবক সদস্য | মোঃ আঃ লতিফ |
| ০৫ | জনাব, মোঃ আব্দুল মান্নান | শিক্ষক প্রতিনিধি | [signature] |
| ০৬ | জনাব, মোঃ মমিনুল ইসলাম | শিক্ষক প্রতিনিধি | [signature] |
| ০৭ | জনাব, মোছাঃ হালিমা বেগম | মহিলা সদস্য | |

মোজাহার হোসেন ১৪৭৭০

মোবাঃ নং- ০১৭১৮৮৬৪৩২৪

তাং = ২৪/১০/১৬ইং

বরাবর,
উপজেলা নির্বাহী অফিসার
কালীগঞ্জ, লালমনিরহাট।

বিষয়ঃ সভাপতি ও বরখাস্তকৃত সুপার কর্তৃক শিক্ষক লাঞ্চিতের সুষ্ঠু বিচারের জন্য আবেদন।

জনাব,

যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমরা নিম্নস্বাক্ষরকারীগণ এই মর্মে অভিযোগ করিতেছি যে, ভুল্লারহাট আশরাফিয়া দাখিল মাদরাসার ২০১৬ইং সনের দাখিল নির্বাচনী পরীক্ষার ফি ও পরীক্ষার্থী ছাত্রছাত্রীদের অংশগ্রহণে বাধা প্রদান নিয়ে ছাত্রছাত্রী এবং বরখাস্তকৃত সুপার শহীদুল ইসলামের সাথে উদ্ভট পরিস্থিতির সৃষ্টি হলে গত ০৩/১০/২০১৬ইং তারিখে সকাল ১০.০০ ঘটিকায় ম্যানেজিং কমিটি, শিক্ষক ও ছাত্রছাত্রীদের অভিভাবকদের নিয়ে আলোচনা সভার আয়োজন করা হয়। উক্ত সভায় বিভিন্ন জনের বক্তব্যের শেষে বরখাস্তকৃত সুপার শহীদুল ইসলাম শিক্ষকদের অযাচিতভাবে গালিগালাজ করেন এবং ছাত্রছাত্রীদের কাছ থেকে শিক্ষকদের বিরুদ্ধে মিথ্যা দরখাস্ত লিখিয়া জোর পূর্বক সহি/স্বাক্ষর নেন এবং পরবর্তীতে ম্যানেজিং কমিটির স্থলাভিষিক্ত সভাপতি জনাব আলহাজ্ব মোজাহার হোসেন বক্তব্যের মাঝে শিক্ষকদেরকে অকথ্য ভাষায় গালিগালাজ করেন এবং চাকুরি ছেড়ে দিতে বলেন এবং মাদরাসার সহ সুপার জনাব শহীদুল ইসলামের পাছায় লাথি মারতে মারতে তার নিজ বাড়িতে পাঠিয়ে দিবেন বলে বক্তব্য দেন। আরও বলেন তোমার বাবার মাদরাসায় চাকুরি করতে এসেছ, আমি সভাপতি থাকাকালীন প্রয়োজনবোধে শিক্ষকদেরকে পিঠিয়ে সোজা করব। এরূপ পরিস্থিতিতে শিক্ষকজাতির মানসম্মান ক্ষুন্নের সামিল হয়। প্রকাশ থাকে যে, গত ২৮/০৩/২০১১ইং সনে বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ডের অধীন আরবিট্রেশন বোর্ড থেকে ১৫৮তম বোর্ড সভায় শহীদুল ইসলাম চূড়ান্তভাবে বরখাস্ত হন। উক্ত মামলাটি মহামান্য হাইকোর্ট ডিভিশনে এখনও বিচারাধীন অবস্থায় আছে। এরূপ অবস্থার প্রেক্ষিতে বরখাস্তকৃত মিথ্যুক সুপার ও স্থলাভিষিক্ত সভাপতির অপস্বরণ এবং তাদের বিরুদ্ধে শিক্ষক লাঞ্চিতের বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অভিযোগ দায়ের করা হইল।

অতএব, বিধায় প্রার্থনা যে, উক্ত বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে জনাবের মর্জি হয়।

নিবেদক
ভুল্লারহাট আশরাফিয়া দাখিল মাদরাসার শিক্ষক/কর্মচারীবৃন্দ

| নাম | পদবী | স্বাক্ষর |
| --- | --- | --- |
| ১। মোঃ শহীদুল ইসলাম | সহঃ সুপার | [signature] |
| ২। মোঃ আব্দুল মান্নান | সহঃ শিক্ষক | [signature] |
| ৩। মোছাঃ তালেয়া বেগম | সহঃ শিক্ষক | [signature] |
| ৪। মোঃ আলিফ উদ্দিন | সহঃ শিক্ষক | [signature] |
| ৫। মোঃ আজিজুল ইসলাম আনছারী | সহঃ মৌলভী | [signature] |
| ৬। মোঃ আসাদুজ্জামান | সহঃ মৌলভী | [signature] |
| ৭। মোঃ মোকলেছুর রহমান | ইবঃ প্রধান | [signature] |
| ৮। মোঃ আব্দুল গফুর | সহঃ মৌলভী | [signature] |
| ৯। মোঃ একরামুল হক | সহঃ শিক্ষক | [signature] |
| ১০। মোঃ মমিনুল ইসলাম | ইবঃ ক্বারী | [signature] |
| ১১। মোঃ সামছুল হক | করণিক | [signature] |
| ১২। মোঃ সাইফুল ইসলাম | নৈশ প্রহরী | |
| ১৩। মোঃ রাজু হোসাইন | দপ্তরী | [signature] |

অনুলিপিঃ
১। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড, ঢাকা।
২। আঞ্চলিক শিক্ষা অফিসার, রংপুর অঞ্চল।
৩। জেলা প্রশাসক, লালমনিরহাট।
৪। জেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট।
৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট।
৬। সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, লালমনিরহাট।